

## কমিউনিটি মানসিক স্বাস্থ্য জরিপ 2024

এই ট্রাস্ট আপনার পরিচর্যা সম্পর্কে আপনি কী ভাবছেন তা বোঝার জন্য শীঘ্রই একটি জরিপ পরিচালনা করবে।

গত বছর আমরা প্রায় 15,000 মানুষের মতামত শুনেছি। জরিপের ফলাফল আমাদের সেবার মান উন্নত করতে এবং মানুষের মানসিক স্বাস্থ্য সেবা গ্রহণের অভিজ্ঞতা আরও সুন্দর করতে সাহায্য করেছে।

### আপনার সেবা উন্নত করতে আমাদের সাহায্য করুন

অংশগ্রহণ সম্পূর্ণ স্বেচ্ছামূলক এবং সব উত্তর গোপন রাখা হবে।

যদি জরিপে অংশগ্রহণের জন্য আপনাকে আমন্ত্রণ জানানো হয়, তাহলে আপনার নাম, ফোন নম্বর এবং চিঠি পাঠানোর ঠিকানা গবেষকরা শুধুমাত্র জরিপ পরিচালনা করার ক্ষেত্রে ব্যবহার করবেন। আপনার তথ্য এবং জরিপের উত্তর আপনার পরিচর্যা প্রদানকারীদের সাথে শেয়ার করা হবে না, এবং এবং সমস্ত প্রকাশিত তথ্য **বেনামে** থাকবে।

Patient Advice and Liaison Service

আপনি যদি অংশগ্রহণ করতে না চান, অথবা জরিপ সম্পর্কে কোনো প্রশ্ন থাকে তাহলে অনুগ্রহ করে যোগাযোগ করুন:

0116 2950830

[lpt.pals@nhs.net](mailto:lpt.pals@nhs.net)

Freepost LPT Patient Experience